দৈনিক বাংলা

তারিখ 2 1 AUG 1993
পৃষ্ঠা ৭ কলাম ৭

# কিছু রাজনীতিক ছাত্রদের অস্ত্র হিসাবে ব্যবহার করছে ঃ চরমোনাইর পীর

স্টাফ রিপোর্টার ঃ ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের দ্বিতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শুক্রবার বায়তুল মোকাররম উত্তর গেটে এক ছাত্র গণজমায়েত অনুষ্ঠিত হয়। ছাত্র গণজমায়েতে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন চরমোনাইয়ের পীর হযরত মওলানা সৈয়দ মোহাম্মদ ফজলুল করীম।

(৩-এর পৃঃ ৬-এর কঃদ্রঃ)

## চরমোনাইর পীর

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সভাপতি ছাত্রনেতা নেয়ামতুল্লাহ আল ফরিদীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই ছাত্র গণজমায়েতে বক্তৃতা করেন ব্যারিস্টার কোরবান আলী, অধ্যাপক মওলানা এটিএম হেমায়েতউদ্দীন, ছাত্র আন্দোলনের সহসভাপতি মোহাম্মদ মাহবুবুর রহমান, সেক্রেটারী জেনারেল গাজী আতাউর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তৃতায় চরমোনাইয়ের পীর সাহেব বলেন, সৎ ও চরিত্রবান নেতৃত্ব এবং কোরআন-হাদীসের অনুপ্রেরণা দিয়ে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করতে হবে। নতুবা ইসলামী শাসনব্যবস্থা কায়েম সম্ভব হবে না। তিনি বলেন, ছাত্ররাই জাতির কর্ণধার। তাই তাদের সাহাবাদের অনুকরণে চরিত্র গঠনের মাধ্যমে সুশিক্ষায় শিক্ষিত হয়ে সমাজ নির্মাণে অগ্রণী ভূমিকা পালন করতেহবে।

চরমোনাইয়ের পীর সাহেব ছাত্র গণ-জমায়েতে বলেন, এক শ্রেণীর হীন স্বার্থবাদী রাজনীতিবিদ ছাত্রদের অস্ত্র হিসাবে ব্যবহার করছে। যার পরিপ্রেক্ষিতে ছাত্ররা শিক্ষা থেকে বঞ্চিত হয়ে লাশ হয়ে ফিরছে। তিনি ছাত্র আন্দোলনের সকল নেতা-কর্মীকে সাধারণ শিক্ষার সঙ্গে সঙ্গে দ্বীনি শিক্ষায় শিক্ষিত হওয়ার আহ্বান জানান।